ইত্তেফাক

তারিখ ২০।৪।৭৩ ... ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

৫৫

৭৭৭

## নবম/দশম শ্রেণীর বাংলা দ্রুতপঠন

সম্প্রতি টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষ নবম/দশম শ্রেণীর পাঠ্য বই দাখিলের জন্য আগ্রহশীল গ্রন্থকার ও প্রকাশকদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। বই দাখিলের শেষ তারিখ ৩০শে এপ্রিল উল্লিখিত হইয়াছে। উক্ত শ্রেণীর বাংলা দ্রুতপঠন ছাপানো দুইশত পৃষ্ঠা হইতে হইবে। তন্মধ্যে উপন্যাস ১৫০ পৃষ্ঠা, নাটক ৩০ পৃষ্ঠা ও টিকাটিপ্পনি ২০ পৃষ্ঠা থাকিবে। নবম/দশম শ্রেণীর দ্রুতপঠনে এযাবৎ গল্প প্রবন্ধাদিই স্থান পাইয়াছে। তাহাতে ছাত্র-ছাত্রীবৃন্দ কতিপয় প্রখ্যাত সাহিত্যিকের রচনার সাথে পরিচিত হইতে পারে। গল্প পাঠে তাহারা কাহিনী অংশের সাথে তাঁহাদের রচনাশৈলীর বিভিন্নতা লক্ষ্য করিতে পারে। কিন্তু ঐ শ্রেণীতে দেড়শো পৃষ্ঠার একখানি উপন্যাস পড়িয়া বিভিন্ন চরিত্রচিত্রণ লক্ষ্য করিয়া নানারূপ জটিল প্রশ্নের সম্মুখীন হওয়া তাহাদের পক্ষে আদৌ সহজসাধ্য হইবে না।

উল্লেখিত অসুবিধার পরিপ্রেক্ষিতে আমাদের বক্তব্য, টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষ যেন তাহাদের পূর্বসিদ্ধান্ত পুনর্বিবেচনা করিয়া অতিসত্বর উপন্যাসের পরিবর্তে কিংবা অন্ততঃ বিকল্প ব্যবস্থা হিসাবে ১০/১২ জন প্রখ্যাত লেখকের গল্প-প্রবন্ধ ঐ দ্রুতপঠনে স্থান দিবার ব্যবস্থা করেন। এ জন্য স্বাভাবিকভাবেই বই দাখিলের শেষ তারিখ অন্যূন দুই-মাস বৃদ্ধি করার ব্যবস্থাও করিতে হইবে।

—কে, এম. শমশের অ
শিববাটী, বগুড়া।